



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.২০২২- ৯৫৩৫

তারিখ: ৩০/১২/২০২২ খ্রি.

বিষয়: দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ, দেবিদ্বার, কুমিল্লা-এর জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ২টি ভবন ও ১টি সেমিপাকা টিনসেড ঘর অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব অনুমোদন।

সূত্র: কলেজ স্মারক নং ৩৬৯৭, তারিখ: ২৩/১০/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ, দেবিদ্বার, কুমিল্লা-এর জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ২টি ভবন ও ১টি সেমিপাকা টিনসেড ঘর স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম প্রাক্কলিত মূল্য ৪১৩০২.১৬ (একচল্লিশ হাজার তিনশত দুই টাকা ষোল পয়সা) মাত্র নির্ধারণপূর্বক অকেজো ঘোষণা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ০৮/১২/২০১৪ খ্রি. তারিখের নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২ স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে বর্ণিত কলেজের জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ২টি ভবন ও ১টি সেমিপাকা টিনসেড ঘর অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো।

০১। নিলামে বিক্রয়ের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত বিধিবিধান অনুসরণ করতে হবে।

০২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ তারিকুল ইসলাম-১৫৫৫৭)

সহকারী পরিচালক (কলেজ-১)

ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ

দেবিদ্বার, কুমিল্লা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০২। জেলা প্রশাসক, -----

০৩। উপজেলা নির্বাহী অফিসার, -----

০৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, -----

০৫। জনাব -----

০৬। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০৭। সংরক্ষণ নথি।